NYC ডিপার্টমেন্ট অফ ফাইন্যান্স ● প্রপার্টি ডিভিশন

বাড়িমালিকের জন্য নির্দেশাবলী
কর ছাড় আবেদনপত্র

এক নজরে

এই আবেদনটি নিম্নলিখিত বাড়িমালিকদের সম্পত্তি কর থেকে অব্যাহতির কর্মসূচিগুলির জন্য:

- বেসিক এবং এনহ্যান্সড স্কুল কর ছাড় (Basic and Enhanced School Tax Relief বা STAR)
- কো-অপারেটিভ/কন্ডোমিনিয়াম -এর হ্রাসকরণ (Cooperative/Condominium Abatement বা CCA)
- প্রবীন নাগরিক বাড়িমালিকদের ছাড় (Senior Citizen Homeowners' Exemption বা SCHE)
- প্রতিবন্ধী বাড়িমালিকদের ছাড় (Disabled Homeowners' Exemption বা DHE)
- প্রাক্তন সৈনিকদের ছাড় বা Veterans' Exemptions (বেসিক, যুদ্ধরত এবং প্রতিবন্ধী)
- যাজক

আবেদনের চূড়ান্ত সময়সীমা
আপনার আবেদনে ডাকের তারিখ ছাপ হতে হবে 15 মার্চ 2016। যদি যোগ্য হন তবে বেনিফিট শুরু হবে 1 জুলাই 2016।

অনুগ্রহ করে আবেদনগুলি এই ঠিকানায় আবেদনপত্র ডাকে পাঠান:

NYC Department of Finance
P.O. Box 311
Maplewood, NJ 07040-0311

ফ্যাক্স গ্রাহ্য হবে না। আপনার সম্পূর্ণ করা আবেদনের এবং নির্দেশের একটি কপি রাখুন আপনার রেকর্ডের জন্য। ডাকযোগে কেবলমাত্র আবেদনপত্রটি এবং তার সাথে সমর্থনকারী নথিপত্র পাঠান (নির্দেশটি পাঠাবেন না)।

গুরুত্বপূর্ণ

আপনার আবেদনপত্র ডাকযোগে পাঠানোর আগে সেটিকে পর্যালোচনা করে দেখুন যাতে নিশ্চিত করতে পারবেন যে সেটি সম্পূর্ণ করা হয়েছে। নিশ্চিত করুন যাতে সমস্ত প্রশ্নগুলি সম্পূর্ণভাবে উত্তর করা থাকে। অনুগ্রহ করে পড়ে দেখে নিন প্রয়োজনীয় নথিগুলির যাচা তালিকা (পৃষ্ঠা 6 দেখুন) যাতে নিশ্চিত করা যায় যে আপনি তাতে সংযুক্ত করেছেন সমস্ত প্রয়োজনীয় নথিগুলি। আমরা আপনার আবেদনের প্রক্রিয়াকরণ করতে পারব না, যদি না আমরা তার সাথে প্রয়োজনীয় নথিগুলি পাই।

নির্দেশাবলী

বিভাগ 1 - সম্পত্তি সংক্রান্ত তথ্য
যে সম্পত্তিটির ক্ষেত্রে আপনারা কর ছাড় চাইছেন তার সম্পূর্ণ ঠিকানা এবং বোরো, ব্লক ও লট নম্বর লিখুন আর সাথে লিখুন যে তারিখে আপনি সম্পত্তিটি খরিদ করেছিলেন। সম্পত্তির বোরো, ব্লক ও লট (BBL) নম্বরগুলি ফাইনান্স-এর ওয়েবসাইট, nyc.gov/bbl -এ অথবা আপনার দলিল/স্টক সার্টিফিকেটে পাওয়া যায়। কো-অপ মালিকেরা তাদের ম্যানেজমেন্ট এজেন্টের কাছে এই বিষয়ে তথ্য জেনে নিন। আপনি যে তারিখে কো-অপ শেয়ার কিনেছিলেন তার তারিখ জানান।

কো-অপ/কন্ডো মালিকদের জন্য দ্রষ্টব্য:
যদি আপনি একটি কো-অপ অথবা কন্ডো ইউনিট শেয়ার কিনে থাকেন 5 জানুয়ারি 2016 তারিখের পরে, তবে আপনি হ্রাসকরণের জন্য যোগ্য হবেন না 1 জুলাই 2017 তারিখের আগে।

সঠিক বাক্সে টিক দিয়ে সম্পত্তির প্রকার নির্দেশ করুন। যদি সম্পত্তিটি কো-অপ হয়, তাহলে অনুগ্রহ করে শেয়ারের সংখ্যা, এবং ম্যানেজমেন্ট কোম্পানি/এজেন্টের নাম ও যোগাযোগের নম্বর দিন। যদি আপনি 4 এর বেশি পারিবারিক বাড়ি নির্দেশ করে থাকেন, তবে অনুগ্রহ করে আপনার প্রধান বাসস্থান হিসাবে কত শতাংশ স্থান ব্যবহৃত হচ্ছে তা নির্দেশ করুন।

যদি সম্পত্তির কোনো অংশ অনাবাসিক কাজে ব্যবহৃত হয়, তবে অনুগ্রহ করে নির্দেশ করুন তার শতাংশ আবেদনপত্রের বিভাগ 1-এ।

বিভাগ 2 – মালিক সম্পর্কিত তথ্য
সম্পত্তির সমস্ত মালিকদের/শেয়ারধারকদের (দলিল বা স্টক সার্টিফিকেটে নাম থাকা প্রত্যেক ব্যক্তি) জন্যই এই বিভাগটি সম্পূর্ণ করতে হবে। এই আবেদনপত্রের জন্য, "মালিক" অন্তর্ভুক্ত করবে কো-অপ ইউনিট শেয়ারধারকদের। সমস্ত মালিকদের জন্য তথ্য প্রয়োজন, এমনকি সমস্ত মালিক যদি সম্পত্তিতে বসবাস না করেন তাহলেও। যদি দুজনের বেশি মালিক থাকে, তাহলে অতিরিক্ত মালিকদের তথ্য ও সার্টিফিকেশন ফর্ম ব্যবহার করুন, যা এই আবেদনপত্রের অংশ।

দলিল বা স্টক সার্টিফিকেটে নাম থাকা সমস্ত মালিকের নাম, জন্মের তারিখ ও সোশ্যাল সিকিওরিটি নম্বর দিন। সোশ্যাল সিকিওরিটি নম্বর অবশ্যই উল্লেখ করতে হবে, অন্যথায় ফাইনান্স আপনার আবেদনপত্র প্রক্রিয়া করতে পারবে না। যদি আপনি বিদেশি ব্যক্তি হন, অনুগ্রহ করে আপনার ইন্ডিভিজুয়াল ট্যাক্সপেয়ার আইডেন্টিফিকেশন নম্বর (ITIN) টি উল্লেখ করতে ভুলবেন না।

নির্দেশ করুন এটি প্রতিটি মালিকদের জন্য প্রধান বাসস্থান কি না। যথাযথ বক্সে টিক দিয়ে নির্দেশ করুন যে মালিকরা স্বামী-স্ত্রী বা ভাই/বোন কি না।

ট্রাস্টের মালিকানাধীন সম্পত্তিগুলির জন্য: STAR-এর জন্য আবেদন করতে হলে, সমস্ত লাভপ্রাপকদের মালিক হিসেবে তালিকাভুক্ত করতে হবে, ট্রাস্টিদের নয়, এবং তাদের প্রয়োজনীয় নথিপত্র জমা দিতে হবে। কমপক্ষে একজন লাভপ্রাপককে অবশ্যই সম্পত্তিতে বসবাস করতে হবে। SCHE/DHE/প্রাক্তন সৈনিক -এর জন্য, সম্পত্তির সমস্ত ট্রাস্টি বা একক লাভপ্রাপককে অবশ্যই মালিক হিসেবে তালিকাভুক্ত করতে হবে। SCHE-এর ক্ষেত্রে, সমস্ত ট্রাস্টি বা একক লাভপ্রাপককে অবশ্যই সম্পত্তিতে বাস করতে হবে। প্রক্তন সৈনিক ও DHE এর ক্ষেত্রে, কমপক্ষে একজন ট্রাস্টি বা লাভপ্রাপককে অবশ্যই সম্পত্তিতে বাস করতে হবে। যদি কো-অপ/কন্ডো হ্রাসকরণের জন্য আবেদন করতে হলে অন্তত একজন ট্রাস্টি বা লাভপ্রাপককে সে সম্পত্তি প্রধান বাসস্থান হিসাবে ব্যবহার করতে হবে। **আপনার সম্পূর্ণ করা আবেদনপত্রর সঙ্গে অনুগ্রহ করে ট্রাস্ট চুক্তির একটি কপি যুক্ত করুন।**

লাইফ এস্টেটসহ সম্পত্তির জন্য: লাইফ এস্টেটের ধারক মালিক সংক্রান্ত তথ্য বিভাগটি সম্পূর্ণ করবেন। **আপনার আবেদনপত্রের সাথে প্রমাণ হিসেবে লাইফ এস্টেট চুক্তির একটি কপি অবশ্যই জমা দিতে হবে।**

যদি সম্পত্তিটি একটি ব্যবসায়িক প্রতিষ্ঠানের মালিকানাধীন হয়, তাহলে বাড়িমালিকের অব্যাহতি মঞ্জুর করা হবে না।

SCHE/DHE-র জন্য যোগ্য হতে, সম্পত্তিটিকে হতে হবে তার সমস্ত যোগ্য মালিকগণের প্রধান বাসস্থান ও তার ভাগদখলকারী, যদিনা মালিক সম্পত্তিতে অনুপস্থিত থাকেন কারণ:
- বিবাহ বিচ্ছেদ, আইনত আলাদা থাকা, বা পরিত্যাগ; অথবা,
- কোনো আবাসিক স্বাস্থ্য পরিচর্যা কেন্দ্রে ভর্তি থেকে স্বাস্থ্য পরিচর্যা পাচ্ছেন এবং সেই সম্পত্তিটিতে তার স্বামী/স্ত্রী বা সহ-মালিক ছাড়া অন্য কোনো ব্যক্তি ভোগদখল করছে না।

আবাসিক স্বাস্থ্য পরিচর্যার স্থান বলতে একটি নার্সিং হোম বা অন্য এমন কোনো জায়গাকে বোঝায় যা আশ্রয়, থাকার ব্যবস্থা ও শারীরিক সেবা প্রদান করে।

যদি উপরের কোনোটি প্রযোজ্য হয়, অনুগ্রহ করে আপনার আবেদনের সাথে তার নথিপত্র যোগ করুন।

বিভাগ 3 – অতিরিক্ত সম্পত্তির তথ্য
মালিকানাধীন অন্যান্য সম্পত্তি ও বেনিফিটের অবস্থা সম্বন্ধে সমস্ত প্রশ্নের উত্তর দিন। যদি একাধিক সম্পত্তি থাকে, অনুগ্রহ করে পৃষ্ঠা 4-এ অতিরিক্ত সম্পত্তি তথ্য এবং শংসন -টি জমা দিন। আপনি পৃষ্ঠা 4-এর একাধিক কপি ছাপিয়ে নিয়ে পূরণ করতে পারবেন যদি অতিরিক্ত পৃষ্ঠার প্রয়োজন হয়।

যদি আপনি NYCএর বাইরের অতিরিক্ত সম্পত্তির উপর বেনিফিট না পান, তবে আপনাকে একটি চিঠি জমা দিতে হবে কাউন্টি/রাজ্য স্থানীয় নির্ধারকের অফিসে যাতে বলা থাকবে অন্যান্য সম্পত্তির উপরে কোনো বেনিফিট প্রাপ্ত হচ্ছে না।

বিভাগ 4 – আয় সংক্রান্ত তথ্য
আপনি যদি বেসিক/এনহ্যান্সড STAR, প্রবীন নাগরিত এবং/অথবা প্রতিবন্ধী ব্যড়িমালিকডের ছাড়-এর জন্য আবেদন করেন, তাহলে আপনাকে সমস্ত মালিকের জন্য 2014 ক্যালেন্ডার বর্ষের আয়ের প্রমাণ অবশ্যই দিতে হবে।

যে মালিকরা ফেডারাল ইনকাম ট্যাক্স রিটার্ন জমা দেন তাদেরকে সমস্ত মালিকদের জন্য সমস্ত সূচি ও সংযোজন সহ তাদের 2014 সালের রিটার্নের একটি সম্পূর্ণ কপি অবশ্যই যুক্ত করতে হবে।

যে সকল বাড়িমালিকদের ফেডারাল ইনকাম ট্যাক্স রিটার্ন জমা দেওয়া আবশ্যক নয়, তাদেরকে আয়ের যে কোনো কাগজপত্র অবশ্যই যুক্ত করতে হবে, যেমন রাজ্যের আয়কর রিটার্ন, 2014 সালের সোশাল সিকিউরিটি বেনিফিট স্টেটমেন্ট বা 1099 ফর্মগুলি, IRA আর্নিংস স্টেটমেন্ট, W-2 ইত্যাদি।

আপনি যদি প্রবীন নাগরিক অথবা প্রতিবন্ধী বাড়িমালিকদের ছাড়-এর জন্য আবেদন করেন, তাহলে খরচ পরিশোধ করা হয় নি এমন কোনো চিকিৎসা বা প্রেসক্রিপশনের খরচের কাগজপত্র যুক্ত করুন। এই খরচগুলি আপনার আয় থেকে বিয়োগ করা হবে।

বেসিক ও এনহ্যান্সড STAR: আয়ের সীমা ও সংজ্ঞা

- বেসিক STAR - বসবাসকারী মালিক ও বসবাসকারী স্বামী/স্ত্রীদের ক্ষেত্রে মোট সম্মিলিত পারিবারিক আয় $500,000 বা তার কম।
- এনহ্যান্সড STAR - সমস্ত মালিক ও বসবাসরত স্বামী/স্ত্রীদের ক্ষেত্রে, মোট সম্মিলিত পারিবারিক আয় $84,550 বা তার কম, তা তারা যেখানেই বাস করুন না কেন।

মোট সম্মিলিত আয় বলতে বোঝায় ফেডারাল অ্যাডজাস্টেড গ্রস ইনকাম থেকে IRA বিতরণের করযোগ্য অর্থরাশির বিয়োগফল। আপনার ফেডারাল অ্যাডজাস্টেড গ্রস ইনকাম খুঁজে পাওয়া যায় আপনার 1040, লাইন 37, 1040A, লাইন 21 বা 1040EZ, লাইন 4 ফেডারাল ট্যাক্স ফর্মে।

প্রবীণ নাগরিক ও প্রতিবন্ধী বাড়িমালিক: আয়ের সীমা ও সংজ্ঞা

প্রবীণ নাগরিক ও প্রতিবন্ধী বাড়িমালিক - সমস্ত মালিক ও তাদের স্বামী/স্ত্রীদের ক্ষেত্রে, মোট সম্মিলিত আয় (TCI) $37,399 বা তার কম, তা তারা যেখানেই বাস করুন না কেন। অনুগ্রহ করে মনে রাখবেন, TCI হয় না কেবলমাত্র আপনার ফেডারাল অ্যাডজাস্টেড গ্রস আয়।

SCHE ও DHE-এর জন্য মোট সম্মিলিত আয়ে নিম্নলিখিতগুলি অন্তর্ভুক্ত:

- সমস্ত সোশাল সিকিউরিটি পেমেন্টগুলি
- বেতন ও মজুরি (বোনাস সহ)
- সুদ (করযোগ্য নয় এমন সুদ সহ)
- IRA আয়
- সাধারণ লভ্যাংশ
- চাষ, ভাড়া দেওয়া, ব্যবসা বা পেশা থেকে নিট আয় (আয়করের উদ্দেশ্যে অবচয় হিসেবে দাবি করা অর্থরাশি সহ)
- এস্টেট বা ট্রাস্ট থেকে আয়
- পুঁজির উপর লাভ
- বিক্রয় অথবা বিনিময় থেকে লাভ
- সরকারী অথবা বেসরকারী রিটায়ারমেন্ট বা পেনশন প্ল্যান থেকে পেমেন্ট
- মেয়াদ শেষের পেমেন্ট (পুঁজি ফেরত প্রদর্শন করে এমন অর্থ ব্যতীত)
- খোরপোষ বা সহায়তা অর্থ
- চাকরিহীনতা ইন্সুরেন্স পেমেন্ট, প্রতিবন্ধকতা পেমেন্ট, ওয়ার্কার কম্পেনসেশন ইত্যাদি।
- IRA বন্টন, বিয়োগ করযোগ্য দাবী করা পরিমাণ
- প্রাক্তন সৈনিক প্রতিবন্ধকতা বেনিফিট (কেবলমাত্র DHE -র জন্য)

আয়ের মধ্যে অন্তর্ভুক্ত নয়:

- ফেডারেল সাপ্লিমেন্টাল সিকিউরিটি ইনকাম (SSI)
- সাময়িক নগদ সহায়তা (জনসাধারণকে সহায়তা)
- বন্ধক থেকে প্রাপ্ত অর্থ (তবে এই জাতীয় অর্থের লগ্নি থেকে প্রাপ্ত যে কোনো সুদ বা ডিভিডেন্ডকে আয় হিসেবে বিবেচনা করা হবে)
- উপহার, উত্তরাধিকার অথবা পুঁজি ফেরত
- নাৎসি অত্যাচার মোচন পেমেন্টগুলি
- ফেডেরাল ফস্টার গ্র্যান্ডপেরেন্ট প্রোগ্রাম পেমেন্ট
- একটি IRA থেকে বন্টন

শুধুমাত্র SCHE ও DHE-এর জন্য অনুমোদনযোগ্য বিয়োজন:

- অর্থ না পাওয়া চিকিৎসা এবং প্রেসক্রিপশন করা ওষুধের খরচ। কোনো অর্থ প্রদান করা হয়নি এমন বিল জমা দেবেন না। প্রমাণগুলি: বাতিল করা চেক, মানি অর্ডার, নগদ রসিদ বা 1040 শিডিউল A।

বিভাগ 5 – ভোগদখল সংক্রান্ত তথ্য
প্রতিবন্ধী বাড়িমালিকদের ছাড়ের জন্য, কমপক্ষে একজন মালিকের অবশ্যই একটি নথিভুক্ত শারীরিক বা মানসিক প্রতিবন্ধকতা থাকতে হবে, যা মদ্যপান বা বেআইনি মাদকদ্রব্য সেবনের কারণে হয় নি।

সম্পত্তিতে ভাড়াটেদের শিশুরা সহ, কোনো শিশু (বা শিশুরা) বাস করে কি না এবং বর্তমানে নিউ ইয়র্ক সিটির কোনো সরকারী স্কুলে গ্রেড প্রি-K থেকে 12 গ্রেডে পড়ে কিনা তা নির্দেশ করুন।

সম্পত্তিটি মিচেল-লামা, সীমিত-লাভের আবাসন কোম্পানি, সীমিত ডিভিডেন্ড আবাসন কোম্পানি, পুনরাবাসন কোম্পানি, বা আবাসন উন্নয়ন তহবিল কোম্পানি দ্বারা নিয়ন্ত্রিত কোনো আবাসন উন্নয়নের ভিতরে আছে কিনা তা নির্দেশ করুন। আপনি যদি নিশ্চিত না হন, তাহলে নিশ্চিত করার জন্য অনুগ্রহ করে আপনার সম্পত্তির ম্যানেজার বা ব্যবস্থাপক এজেন্টের সঙ্গে যোগাযোগ করুন।

মালিকদের মধ্যে কেউ সম্পত্তিটির জন্য SCRIE বা DRIE বেনিফিট পান কি না তা নির্দেশ করুন। এই তথ্য পাওয়া যেতে পারে nyc.gov/finance ওয়েবসাইটে।

বিভাগ 6 – প্রবীন নাগরিক বাড়িমালিকগণ (SCHE এবং এনহ্যান্সড STAR)
আপনি যদি প্রবীন নাগরিক বাড়িমালিকদর ছাড় এবং/অথবা এনহ্যান্সড STAR-এর জন্য আবেদন করেন, তাহলে আপনাকে সরকার-প্রদত্ত কোনো পরিচিতির একটি কপি অবশ্যই দিতে হবে, যেমন ড্রাইভার্স লাইসেন্স, পাসপোর্ট বা জন্মের সার্টিফিকেট। SCHE-এর জন্য যোগ্য হতে গেলে, সব মালিকদের বয়স অন্তত 65 হতে হবে 31 ডিসেম্বর, 2016 তারিখে। যদি সম্পত্তির মালিক স্বামী/স্ত্রী অথবা ভাই/বোন হয়, তবে একজন মালিকের বয়স অবশ্যই 65 বছর হতে হবে 31 ডিসেম্বর, 2016 তারিখে।

NYC-র যে সব সম্পত্তির মালিক বর্তমানে প্রবীন নাগরিক বাড়িমালিকদের ছাড় পাচ্ছেন, তাদের জন্য: যদি আপনি একটি নতুন বাড়িতে স্থানান্তরিত হন এবং পেয়ে থাকেন SCHE আপনার পূর্বতন বাড়ির জন্য, তবে একই কর বর্ষে সেই সুবিধা পাওয়ার ক্ষেত্রে আপনার কাছে আবেদন করার জন্য নতুন বাড়ি কেনার 30 দিন সময় থাকবে।

বিভাগ 7 – প্রতিবন্ধী বাড়িমালিক (DHE)
প্রতিবন্ধী বাড়িমালিকদের ছাড়ের জন্য যোগ্য হতে হলে, একজন মালিককে নিম্নলিখিত কোনো এক ধরনের প্রতিবন্ধকতা-সংক্রান্ত আর্থিক সহায়তা পেতেই হবে:
- সোশ্যাল সিকিউরিটি ডিসেবিলিটি ইন্সুরেন্স (SSDI)
- ফেডারেল সাপ্লিমেন্টাল সিকিউরিটি ইনকাম (SSI)
- রেলরোড রিটায়ারমেন্ট ডিসএবিলিটি বেনিফিট (RRDB)
- মার্কিন পোস্টাল সার্ভিস থেকে প্রতিবন্ধী পেনশন
- প্রাক্তন সৈনিক প্রতিবন্ধী বেনিফিট

প্রতিবন্ধী বাড়িমালিকদের ছাড় পাওয়ার জন্য, আপনাকে নিম্নলিখিত প্রয়োজনীয় নথিগুলির যে কোনো একটির একটি কপি অবশ্যই জমা দিতে হবে:
- 2014 সালের সোশাল সিকিউরিটি অ্যাডমিনিস্ট্রেশন থেকে প্রদানের চিঠি
- রেলরোড বোর্ড বা মার্কিন পোস্টাল সার্ভিস-এর দ্বারা সুবিধাপ্রদানের চিঠির কপি
- স্টেট কমিশন ফর দ্য ব্লাইন্ড অ্যান্ড ভিজুয়ালি হ্যান্ডিক্যাপড-এর থেকে একটি সার্টিফিকেট
- ভেটারান্স অ্যাডমিনিস্ট্রেশন চিঠি

যদি আপনি কেবলমাত্র ওয়ার্কম্যান্স কম্পেনসেশন পান, তবে আপনি প্রতিবন্ধী বাড়িমালিকদের ছাড়ের জন্য যোগ্য হবেন না।

বিভাগ 8 – প্রাক্তন সৈনিক বাড়িমালিক (বেসিক, যুদ্ধ ও প্রতিবন্ধী)
মালিকদের মধ্যে কেউ প্রাক্তন সৈনিক বা অবসরপ্রাপ্ত সেনাকর্মী কিনা, বা পুনর্বিবাহ করেননি এমন কোনো প্রাক্তন সৈনিকদের বিধবা/বিপত্নীক কিনা, বা কর্মক্ষেত্রে মৃত সেনার মা-বাবা কিনা তা নির্দেশ করুন। প্রাক্তনরা হলেন যুক্তরাষ্ট্রের সশস্ত্র বাহিনী বা মার্চেন্ট মেরিন্স (দ্বিতীয় বিশ্বযুদ্ধের সময়)-এর প্রাক্তন সদস্য অথবা অভিযানমূলক পদক প্রাপক। অনুগ্রহ করে মনে রাখবেন যে প্রাক্তন সৈনিকদের **অবশ্যই** নিম্নলিখিত যুদ্ধের সময়ে যেন সক্রিয় ভূমিকা নিয়ে থাকতে হবে:

- *প্রথম বিশ্বযুদ্ধ* 6 এপ্রিল 1917 – 11 নভেম্বর 1918
- *দ্বিতীয় বিশ্বযুদ্ধ* 07 ডিসেম্বর 1941 – 31 ডিসেম্বর 1946
- *কোরিয়ায় সংঘাত* 27 জুন 1950 – 31 জানুয়ারি 1955
- *ভিয়েতনাম যুদ্ধ* February 28 ফেব্রুয়ারি 1961 – 7 মে 1975
- *পারস্য উপসাগরীয় যুদ্ধ* 2 আগস্ট 1990 থেকে শুরু

অনুগ্রহ করে মনে রাখবেন যে পারস্য উপসাগরীয় সংঘাত –এ অন্তর্ভুক্ত হবে, অপারেশন এনডিওরিং ফ্রিডম, অপারেশন ইরাকি ফ্রিডম (2003 এর ইরাক আক্রমণ) এবং অপারেশন নিউ ডন (আফগানিস্তান), অপারেশন জয়েন্ট ফর্জ, এবং অপারেশন জয়েন্ট গার্ড, কিন্তু তা এতেই সীমাবদ্ধ থাকবে না।

একটি প্রাক্তন সৈনিক ছাড় পেতে হলে, আপনাকে প্রত্যেক প্রাক্তন সৈনিকের জন্য DD-214 বা সেপারেশন পেপারের একটি কপি অবশ্যই জমা দিতে হবে। আপনি আপনার DD-214 সংগ্রহ করতে পারবেন 1-866-272-6272 নম্বরে ফোন করে অথবা www.archives.gov/veterans ওয়েবসাইট থেকে। যোগ্যতার জন্য সেপারেশন সম্মানজনক পরিস্থিতিতে হতে হবে।

“কম্ব্যাট জোন বা যুদ্ধ ক্ষেত্র” বলতে সক্রিয় যুদ্ধের স্থানকে বোঝায়, যেমন ভিয়েতনাম যুদ্ধের সময়ে ভিয়েতনাম। যে সব প্রাক্তন সৈনিকেরা সংঘাতের সময়কালে সেবারত ছিলেন কিন্তু যুদ্ধক্ষেত্র নয় এমন অঞ্চলে কর্মরত ছিলেন (যেমন, এমন একজন সৈন্য যিনি ভিয়েতনাম যুদ্ধের সময় সেবারত ছিলেন কিন্তু ভিয়েতনাম বা অন্য কোনো যুদ্ধ ক্ষেত্রে কর্মরত ছিলেন না), তাদের যুদ্ধ ক্ষেত্র বিষয়ক প্রশ্নের উত্তরে "না"-তে টিক দিতে হবে। আপনি যদি হ্যাঁ-তে টিক দিয়ে থাকেন, তাহলে ভেটেরান কোন যুদ্ধ ক্ষেত্রে সেবারত ছিলেন তা উল্লেখ করুন।

যদি ভেটেরান্স অ্যাডমিনিস্ট্রেশন প্রাক্তন সৈনিককে প্রতিবন্ধী হিসেবে চিহ্নিত করে, তাহলে আপনি প্রতিবন্ধী প্রাক্তন সৈনিকদের জন্য ছাড়ের যোগ্য হতে পারেন। প্রাক্তন সৈনিকদের জন্য ভেটেরান্স অ্যাডমিনিস্ট্রেশন-এর চিঠির একটি কপি জমা দিন, যা প্রতিবন্ধকতার রেটিং নির্দেশ করে। আপনি 1-800-827-1000 নম্বরে ফোন করে অথবা https://www.ebenefits.va.gov/ebenefits-portal-এ গিয়ে US ডিপার্টমেন্ট অফ ভেটেরান্স-এর থেকে আপনার প্রতিবন্ধকতার রেটিং পেতে পারেন।

NYC-র যে সব সম্পত্তির মালিক বর্তমানে প্রাক্তন সৈনিক বাড়িমালিক ছাড় পাচ্ছেন, তাদের জন্য: উপযুক্ত বাড়ির মালিক যারা নিউ ইয়র্ক শহরে একটি বাসস্থান থেকে অন্য একটিতে অবস্থানে পরিবর্তন করেন, তারা এই ছাড় নতুন বাসস্থানে স্থানান্তরিত করার আবেদন করতে পারেন বছরের মাঝখানে।

বিভাগ 9 – যাজকের তথ্যাদি

যেকোন ধর্মীয় সম্প্রদায়ের অন্তর্ভুক্ত ব্যক্তিকে একজন যাজক সদস্য বলা হয়। যাজক সদস্যকে অবশ্যই:

1. যাজক সদস্যদের তাদের সম্প্রদায় নির্দেশিত কার্যসম্পাদন করাটাই প্রধান পেশা হতে হবে;
2. অসুস্থতা অথবা প্রতিবন্ধকতার জন্য সেই কার্যসম্পাদনে অক্ষম; অথবা
3. 70 বছেরের বেশি বয়স।

যাজক ছাড়ের ক্ষেত্রে যোগ্য গণ্য হবার জন্য ধর্ম সম্প্রদায়ের সদস্যকে নিউ ইয়র্ক শহরে তার মালিকানার বাসস্থানে বাস করার প্রয়োজন নেই, কিন্তু তাকে নিউ ইয়র্ক রাজ্যের অধিবাসী হতে হবে। যদি যাজক সদস্য মৃত হন, তবে তার জীবিত স্বামী/স্ত্রী, দম্পতির মালিকানাধীন বাসস্থানের কর হ্রাস করার যোগ্য গণ্য হতে পারেন যতক্ষণ পর্যন্ত জীবিত স্বামী/স্ত্রী সেই সম্পত্তির মালিক থাকবেন, নিউ ইয়র্ক রাজ্যের অধিবাসী হবেন এবং পুনরায় বিবাহ করবেন না। যদি যাজক সদস্য একটি সম্প্রদায়ের হয়ে কাজ করেন, কিন্তু তিনি সেটির অন্তর্ভুক্ত নন, তিনি এই ছাড়ের যোগ্য নাও হতে পারেন।

বিভাগ 10 – স্বাক্ষর ও সার্টিফিকেশন

সমস্ত মালিককে অবশ্যই আবেদনপত্রে স্বাক্ষর করতে ও তারিখ দিতে হবে, তারা সেই সম্পত্তিতে বসবাস করুন বা না করুন।

অনুগ্রহ করে একটি ফোন নম্বর এবং ইমেইল ঠিকানা প্রদান করুন যেখানে আমরা আপনার সঙ্গে যোগাযোগ করতে পারি যদি আপনার আবেদন সম্পর্কে আমাদের কোনো প্রশ্ন থাকে।

ছাড়ের আবেদন কর বর্ষ 2016/2017 -এর জন্য

প্রয়োজনীয় নথিগুলির যাচাই তালিকা

আপনি যে ছাড়ের জন্য আবেদন করছেন সেটি খুঁজে বার করুন এবং কলামের নিচে এটি দেখুন যে সেই আবেদনের সঙ্গে আপনার কী কী নথি জমা করা প্রয়োজন। যদি আপনি প্রয়োজনীয় নথিপত্র জমা না দেন, তবে আপনি অনুমতি পাবেন না। যদি আপনি আবেদন করছেন কো-অপ/কন্ডো হ্রাসকরণ -এর জন্য, তবে কোনো দলিল প্রদর্শনের প্রয়োজন নেই। আপনার আবেদন পর্যালচনার পর, অতিরিক্ত নথি জমা দেওয়া প্রয়োজন হতে পারে যোগ্যতা নির্ধারণ করার জন্য।

প্রয়োজনীয় নথি	বেসিক STAR	এনহ্যান্সড STAR	প্রবীন নাগরিক বাড়ি মালিক (SCHE)	প্রতিবন্ধী বাড়ি মালিক (DHE)	প্রাক্তন সৈনিক	যাজক
বয়সের প্রমাণ সরকার-প্রদত্ত ID-র কপি (উদাঃ: ড্রাইভার্স লাইসেন্স, পাসপোর্ট বা জন্ম শংসাপত্র)।		✔	✔			
আয়ের প্রমাণ সমস্ত মালিকদের জন্য 2014 সালের ফেডেরাল ট্যাক্স রিটার্ন এবং শিডিউল/সংযোজনের কপিগুলি। যদি কোনো মালিক ট্যাক্স রিটার্ন দাখিল না করেন, তাহলে 2014 সালের আয়ের প্রমাণ (সোশ্যাল সিকিউরিটি, 1099 ফর্মগুলি, IRA আয়গুলি, W-2)	✔	✔	✔	✔		
বিয়োজনের প্রমাণ পরিশোধ না করা চিকিৎসা বা প্রেসক্রিপশনের খরচের জন্য রসিদগুলির কপি			✔	✔		
প্রতিবন্ধকতার প্রমাণ একজন (1) মালিকের জন্য নিচের যে কোনো একটি: • সোশাল সিকিউরিটি অ্যাডমিনিস্ট্রেশন-এর দ্বারা সুবিধাপ্রদানের চিঠির কপি • রেলরোড বোর্ড বা মার্কিন পোস্টাল সার্ভিস-এর দ্বারা সুবিধাপ্রদানের চিঠির কপি • স্টেট কমিশন ফর দ্য ব্লাইন্ড অ্যান্ড ভিস্যুয়ালি হ্যান্ডিক্যাপড-এর থেকে একটি সার্টিফিকেটের কপি				✔		
প্রাক্তন সৈনিক-এর প্রমাণ • প্রত্যেক প্রাক্তন সৈনিকের জন্য DD-214 বা সেপারেশন নথিপত্রগুলির কপি • প্রত্যেক প্রতিবন্ধী প্রাক্তন সৈনিকের জন্য প্রাক্তন সৈনিক পরিচালনার চিঠির কপি, যা প্রতিবন্ধকতার রেটিং নথিভুক্ত করে					✔	
যাজক সম্প্রদায়ের সদস্য প্রমাণপত্র • নিয়োগকর্তার কাছ থেকে প্রমাণপত্রের কপি যদি নিষ্ক্রিয় হন তবে নিম্নলিখিত যে কোনো একটি, উপরেরটি ছাড়াও: • ডাক্তারের বিবৃতি • সরকার-প্রদত্ত ID-র কপি • বিবাহ সার্টিফিকেট-এর কপি এবং আপনার স্বামী/স্ত্রীর মৃত্যুর সার্টিফিকেট-এর একটি কপি						✔

নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অফ ফাইন্যান্স ● প্রপার্টি ডিভিশন

বাড়িমালিকদের জন্য কর ছাড়ের আবেদনপত্র

2016/17

এই আবেদনপত্রটি নিউ ইয়র্ক শহরে আপনার যোগ্য প্রধান বাসস্থানের জন্য। পূরণ করার আগে অনুগ্রহ করে নির্দেশগুলি পড়ে নিন। যদি আপনার কিছু জিজ্ঞাস্য থাকে, তবে 311 নম্বরে যোগাযোগ করুন অথবা nyc.gov/contactfinance ওয়েবসাইটটি দেখুন।

সমস্ত প্রয়োজনীয় নথিপত্র সহ আবেদনগুলিতে অবশ্যই 15 মার্চ, 2016-এর মধ্যে ডাকচিহ্ন থাকতে হবে
অনুগ্রহ করে সব প্রয়োজনীয় নথিগুলি জমা দিন। জমা দিতে না পারলে প্রসেসিং এর দেরী হবে অথবা এর ফলে প্রত্যাখ্যাতও হতে পারেন।

(যদি নির্দিষ্ট সময়সীমা কোনো সপ্তাহান্তে অথবা জাতীয় ছুটির দিন পড়ে, তবে আবেদনপত্রটি পরবর্তী কাজের দিনে ডাক-মোহর থাকা উচিত যাতে 2016/17 কর বছরের জন্য যোগ্য হয়)

আপনি যে অব্যাহতির জন্য অনুরোধ করছেন, অনুগ্রহ করে তার প্রতিটি বক্সে টিক দিন:

❑ বেসিক STAR	❑ এনহ্যান্সড STAR	❑ কো-অপ/কন্ডো হ্রাসকৃত	❑ প্রবীন	❑ প্রতিবন্ধী	❑ প্রাক্তন সৈনিক	❑ যাজক
বিভাগ 1, 2, 3, 4, 10	বিভাগ 1, 2, 3, 4, 5, 6, 10	বিভাগ 1, 2, 3, 10	বিভাগ 1, 2, 3, 4, 5, 6, 10	বিভাগ 1, 2, 3, 4, 7, 10	বিভাগ 1, 2, 3, 8, 9, 10	বিভাগ 1, 2, 3, 9, 10

বিভাগ 1 - সম্পত্তি সংক্রান্ত তথ্য

বাড়ির নম্বর _____ রাস্তা _____ অ্যাপার্টমেন্ট/ইউনিট _____

জিপ কোড _____ বোরো/ব্লক/লট: ☐ ☐☐☐☐☐ ☐☐☐☐

আপনার সম্পত্তির ব্লক এবং লট জানতে পারবেন এখানে **nyc.gov/bbl**

যে তারিখে আপনি সম্পত্তিটি কিনেছিলেন: ☐☐ ▪ ☐☐ ▪ ☐☐☐☐
মাস (MM) দিন (DD) বছর (YYYY)

সম্পত্তির ধরন:

☐ **1-, 2-, 3-জনের পরিবারের বাসস্থান** ☐ **4+ জনের পরিবারের বাসস্থান** এবং প্রধান বাসস্থানের জন্য যত শতাংশ জায়গা ব্যবহৃত হয়েছে:_____%

☐ **কন্ডোমিনিয়াম ইউনিট** ☐ **কো-অপারেটিভ** - আপনার ইউনিটের শেয়ারের সংখ্যা: _____

কো-অপ ম্যানেজমেন্ট কোম্পানি: _____ ফোন নং _____
যোগাযোগের ব্যক্তি কোম্পানি

বাসস্থানের কোনো অংশ অন্যান্য উদ্দেশ্যে ব্যবহৃত হয়েছে কি (বাণিজ্যিক, পেশাদারী অফিস, ইত্যাদি)? ☐ **হ্যাঁ** ☐ **না**

যদি হ্যাঁ হয়: কত শতাংশ জায়গা অন্যান্য উদ্দেশ্যে ব্যবহৃত হয়েছে:_____%

বিভাগ 2 - মালিক সম্পর্কিত তথ্য

যদি দুই জনের বেশি মালিক থাকেন, তাহলে অনুগ্রহ করে আবেদনের অতিরিক্ত মালিকদের তথ্য ও সার্টিফিকেশন বিভাগটি পূরণ করুন।

মালিক নং 1: _____ _____ জন্ম তারিখ: ☐☐ ▪ ☐☐ ▪ ☐☐☐☐
নাম পদবী মাস (MM) দিন (DD) বছর (YYYY)

সোশাল সিকিউরিটি নং: ☐☐☐ ▪ ☐☐ ▪ ☐☐☐☐ এটি কি মালিক নং 1-এর প্রধান বাসস্থান? ☐ **হ্যাঁ** ☐ **না**

মালিক নং 2: _____ _____ জন্ম তারিখ: ☐☐ ▪ ☐☐ ▪ ☐☐☐☐
নাম পদবী মাস (MM) দিন (DD) বছর (YYYY)

সোশাল সিকিউরিটি নং: ☐☐☐ ▪ ☐☐ ▪ ☐☐☐☐ এটি কি মালিক নং 2-এর প্রধান বাসস্থান? ☐ **হ্যাঁ** ☐ **না**

।যদি কোন মালিক এই সম্পত্তি তার প্রধান বাসস্থান হিসেবে ব্যবহার না করেন, তবে অনুগ্রহ করে নিম্নলিখিত প্রশ্নের উত্তর দিন।

কোনো মালিক কি ভর্তি রোগী হিসেবে কোনো আবাসিক স্বাস্থ্য কেন্দ্রে চিকিৎসাধীন আছেন? ☐ **হ্যাঁ** ☐ **না**

কোনো মালিক কি অন্য বাসস্থানের কারণে এই বাসস্থানে বসবাস করেন না? ☐ **হ্যাঁ** ☐ **না**

কোনো মালিক কি বিবাহ বিচ্ছেদ, আইনি বিচ্ছেদ অথবা পরিত্যাগ এর কারণে এই বাসস্থানে বসবাস করেন না? ☐ **হ্যাঁ** ☐ **না**

যদি উপরের কোনটির উত্তর হ্যাঁ হয়, তবে অনুগ্রহ করে অনুপস্থিত মালিকের নাম প্রদান করুন: _____

বিভাগ 2 - মালিক সম্পর্কিত তথ্য - চলছে

মালিক নং 1 এবং নং 2 স্বামী-স্ত্রী কি? ☐ **হ্যাঁ** ☐ **না** মালিক নং 1 এবং নং 2 ভাই/বোন কি? ☐ **হ্যাঁ** ☐ **না**

এই সম্পত্তিটি কি ট্রাস্টের অধীনে? ☐ **হ্যাঁ** ☐ **না** এই সম্পত্তিতে কি কোন লাইফ এস্টেট আছে? ☐ **হ্যাঁ** ☐ **না**

যে ব্যক্তির লাইফ এস্টেট আছে তার নাম: _____

যদি হ্যাঁ হয়, তাহলে এই বিভাগটি পূরণ করা সম্বন্ধে তথ্যের জন্য নির্দেশাবলীতে "বিভাগ 2 - মালিক সম্পর্কিত তথ্য" -টি পড়ুন।

আপনার আবেদনপত্রের সঙ্গে ট্রাস্টের চুক্তি অথবা লাইফ এস্টেটের একটি কপি প্রদান করতে হবে।

বিভাগ 3 - সম্পত্তির অতিরিক্ত তথ্য

কোনো মালিক কি অতিরিক্ত সম্পত্তি/ইউনিট-এরও মালিক? ☐ **হ্যাঁ** ☐ **না** যদি হ্যাঁ হয়, কতগুলি সম্পত্তি, প্রতিটি মালিকের মালিকানায় আছে? প্রতিটি অতিরিক্ত সম্পত্তি/ইউনিট -এর জন্য নিম্নলিখিত সম্পূর্ণ করুন:

_____ _____ _____

মালিকের নাম ঠিকানা শহর, এবং জিপ কোড

প্রাপ্ত বেনিফিট: ☐ বেসিক STAR ☐ এনহ্যান্সড STAR ☐ প্রবীন ☐ প্রতিবন্ধী ☐ প্রাক্তন সৈনিক ☐ হ্রাসকৃত

☐ অন্যান্য: _____

যদি সম্পত্তি/ইউনিট বিক্রয় হয়ে থাকে, তবে বিক্রয়ের তারিখ: ☐☐ - ☐☐ - ☐☐☐☐
মাস (MM) দিন (DD) বছর (YYYY)

নিউ ইয়র্ক শহরের সম্পত্তির জন্য সুবিধা সরিয়ে ফেলা হবে।

যদি আপনার অতিরিক্ত বাসস্থান তালিকা ভুক্ত করা প্রয়োজন হয়, তবে অনুগ্রহ করে পৃষ্ঠা 5 সম্পূর্ণ করুন। আপনি শুধুমাত্র আপনার প্রধান বাসস্থানের ক্ষেত্রেই একটি সুবিধা পেতে পারেন।

বিভাগ 4 - আয় সংক্রান্ত তথ্য

আমি 2014 এর ফেডেরাল ট্যাক্স রিটার্ন এবং শিডিউলের কপি যুক্ত করে দিলাম **সবকজন** মালিক এবং তার স্বামী/স্ত্রীর জন্য। ☐ **হ্যাঁ** ☐ **না**

যদি না হয়, সেই ক্ষেত্রে আমি প্রত্যায়ন করছি যে আমি দাখিল করতে বাধ্য নই এবং আমি 2014 সালের আয়ের প্রমাণ যুক্ত করেছি (রাজ্য ইনকাম ট্যাক্স রিটার্ন, সোযাস সিকিউরিটি, 1099 ফর্মগুলি,W-2,ইত্যাদি) ☐ **হ্যাঁ**

যে মালিক(রা) ট্যাক্স ফর্ম দাখিল করতে বাধ্য নন তাদের নাম:

প্রবীণ নাগরিক ও প্রতিবন্ধী বাড়িমালিকগণ: অনুগ্রহ করে 2014 সালের যে কোনো ফেরত না পাওয়া চিকিৎসা বিষয়ক অথবা প্রেস্ক্রিপশনের খরচের নথি যোগ করুন। কোনো অর্থ প্রদান করা হয়নি এমন বিলের কপি জমা দেবেন না।

বিভাগ 5 - ভোগদখল সংক্রান্ত তথ্য

সম্পত্তিতে ভাড়াটেদের শিশুরা সহ, কোনো শিশু (বা শিশুরা) বাস করে কি এবং বর্তমানে নিউ ইয়র্ক সিটির কোনো সরকারী স্কুলে গ্রেড প্রি-K থেকে 12-এ পড়ে কি? ☐ **হ্যাঁ** ☐ **না**

কোন একজন মালিক প্রবীন নাগরিক ভাড়া বৃদ্ধি ছাড় এবং/অথবা প্রতিবন্ধী ভাড়া বৃদ্ধি ছাড় -এর সুবিধা পেয়ে থাকেন বাসস্থানের জন্য? ☐ **হ্যাঁ** ☐ **না**

এই সম্পত্তিটি মিচেল-লামা, সীমিত-লাভের আবাসন কোম্পানি, সীমিত ডিভিডেন্ড আবাসন কোম্পানি, পুনরুন্নয়ন কোম্পানি, বা আবাসন উন্নয়ন তহবিল কোম্পানি দ্বারা নিয়ন্ত্রিত কোনো আবাসন উন্নয়নের ভিতরে আছে কি? ☐ **হ্যাঁ** ☐ **না**

বিভাগ 6 - প্রবীণ নাগরিক বাড়িমালিক

আমি সরকারের জারি করা পরিচয়পত্রের কপি অন্তর্ভুক্ত করেছি সেই সব মালিকদের জন্য যারা 31 ডিসেম্বর, 2016 তারিখ 65 বছর অথবা তার থেকে বেশি বয়সের হবেন। ☐ **হ্যাঁ**

বিভাগ 7 - প্রতিবন্ধী বাড়িমালিক

মালিকদের মধ্যে কেউ বা তাদের স্বামী-স্ত্রীরা কি প্রতিবন্ধকতা আয় পান, যেমন: সোশাল সিকিউরিটি ডিসএবিলিটি ইনস্যুরেন্স, সাপ্লিমেন্টাল সিকিউরিটি ইনকাম, রেলরোড রিটায়ারমেন্ট ডিসএবিলিটি বেনিফিট অথবা কোনো অক্ষমতা পেনশন? ☐ **হ্যাঁ** ☐ **না**

যদি হ্যাঁ হয়, তবে নিম্নলিখিত প্রয়োজনীয় নথিগুলির মধ্যে যে কোনো একটির কপি জমা দিন:

- সোশাল সিকিউরিটি অ্যাডমিনিস্ট্রেশন-এর প্রদানের চিঠি
- রেলরোড রিটায়ারমেন্ট বোর্ড অথবা মার্কিন পোস্টাল সার্ভিস প্রদানের চিঠি
- স্টেট কমিশন ফর দ্য ব্লাইন্ড অ্যান্ড ভিসুয়ালি হ্যান্ডিক্যাপড -এর সার্টিফিকেট
- ভেটারান অ্যাডমিনিস্ট্রেশনের চিঠি

বিভাগ 8 – প্রাক্তন সৈনিক বাড়িমালিক

মালিকদের মধ্যে কেউ কি প্রাক্তন সৈনিক, যদি সংঘাতের সময়কালে সেবারত ছিলেন? ☐ হ্যাঁ ☐ না
সেবাকালের বছর লিখুন। উদাঃ: 1965 – 1972_____

মালিকদের মধ্যে কেউ প্রাক্তন সৈনিক বা অবসরপ্রাপ্ত সেনাকর্মী ছিলেন কি, অথবা পুনর্বিবাহ করেননি এমন কোনো প্রাক্তনের বিধবা/বিপত্নীক ছিলেন কি, বা কর্মক্ষেত্রে মৃত সেনার মা-বাবা ছিলেন কি? ☐ হ্যাঁ ☐ না

এই প্রাক্তন সৈনিক কি যুদ্ধ ক্ষেত্রে বা থিয়েটারে সেবারত ছিলেন? ☐ হ্যাঁ ☐ না
যদি হ্যাঁ হয়, তাহলে কোথায়? (যুদ্ধ ক্ষেত্রের নাম)_____

প্রাক্তন সৈনিক কি কর্তব্য পালন করার সময়ে প্রতিবন্ধী হয়েছিলেন? ☐ হ্যাঁ ☐ না
যদি হ্যাঁ হয়, প্রতি প্রাক্তন সৈনিক-এর জন্য VA থেকে প্রাপ্ত প্রতিবন্ধকতা রেটিংয়ের চিঠির একটি কপি জমা দিন।

আমি প্রত্যেক ভেটেরানের জন্য DD-214 বা সেপারেশন নথিগুলির একটি কপি জমা দিয়েছি। ☐ হ্যাঁ ☐ না

বিভাগ 9 – যাজক সংক্রান্ত তথ্য

আপনি কি কোন সম্প্রদায়ের সক্রিয় সদস্য, মূলত যাজক সংক্রান্ত কাজে দায়িত্বপ্রাপ্ত? ☐ হ্যাঁ ☐ না

যদি **না** হয়, আপনি কি সেই কাজ করতে অক্ষম ছিলেন অসুস্থতা অথবা প্রতিবন্ধকতার কারণে? ☐ হ্যাঁ ☐ না

আপনার বয়স কি 70 এর বেশি? ☐ হ্যাঁ ☐ না

আপনি কি যাজকের জীবিত স্বামী/স্ত্রী যিনি পুনর্বিবাহ করেন নি? ☐ হ্যাঁ ☐ না

আপনার কি কোন ধর্মনিরপেক্ষ কর্মসংস্থান আছে যা আপনাকে এই ছাড় পাওয়ার জন্য অযোগ্য করতে পারে? ☐ হ্যাঁ ☐ না
যদি **হ্যাঁ** হয়, তবে অনুগ্রহ করে ব্যাখ্যা করুন:_____

আপনার যোগ্যতা প্রমাণ করার জন্য যে দলিল পেশ করেছেন সেটি নির্দেশ করা ঘর(গুলি) ভালো করে দেখে নিন।

আমি চার্চ নিয়োগকর্তার কাছ থেকে পাওয়া প্রমাণপত্র জমা দিয়েছিলাম ☐ হ্যাঁ ☐ না

আমি একজন ডাক্তারের বিবৃতি জমা করেছি যা অসুস্থতা অথবা প্রতিবন্ধকতা নির্দেশ করে ☐ হ্যাঁ ☐ না

আমি সরকারের জারি করা পরিচয়পত্র, জন্ম সার্টিফিকেট অথবা খ্রীষ্ট ধর্মের দীক্ষা সংক্রান্ত সার্টিফিকেট -এর কপি জমা করেছি ☐ হ্যাঁ ☐ না

আমি আমার বিবাহের সার্টিফিকেটের একটি কপি এবং আমার স্বামীর মৃত্যুর সার্টিফিকেটের একটি কপি জমা করেছি ☐ হ্যাঁ ☐ না

বিভাগ 10 – সার্টিফিকেশন ও যোগাযোগের তথ্য

নিচে স্বাক্ষর করে, আমি প্রত্যায়ন করছি যে এই আবেদনের সমস্ত বিবৃতি আমার জ্ঞানত সত্য ও সঠিক, এবং আমি কোনো বাস্তব তথ্যের ইচ্ছাকৃত মিথ্যা বিবৃতি দিই নি। আমি জানি যে এই তথ্য অডিট করা হয়, এবং ফাইনান্স যদি নির্ধারণ করে যে আমি মিথ্যা বিবৃতি দিয়েছি, তাহলে আমাকে ভবিষ্যতের অব্যাহতি থেকে অযোগ্য ঘোষণা করা হবে এবং সমস্ত প্রযোজ্য বকেয়া কর, সমষ্টিবদ্ধ সুদ, এবং আইন দ্বারা অনুমোদিত সর্বোচ্চ জরিমানার জন্য আমি দায়ী থাকব।

সমস্ত মালিককে এই আবেদনপত্রে অবশ্যই স্বাক্ষর করতে ও তারিখ দিতে হবে, তারা সম্পত্তিতে বসবাস করুন বা না করুন।

যদি দুজনের বেশি মালিক থাকেন, তাহলে অনুগ্রহ করে অতিরিক্ত মালিকদের তথ্য ও সার্টিফিকেশন পূরণ করুন।

মালিক নং1
স্বাক্ষর:_____ তারিখ: _____

মালিক নং 2
স্বাক্ষর:_____ তারিখ: _____

আমরা কীভাবে
আপনার সাথে যোগাযোগ করতে পারি? _____ _____
ফোন নম্বর ই-মেইল

ডাক পাঠানোর ঠিকানা

এই পূরণ করা আবেদনটি এবং সমস্ত প্রয়োজনীয় নথিপত্র এই ঠিকানায় ডাকে পাঠান:

NYC Department of Finance, P.O. Box 311, Maplewood, NJ 07040-0311

গোপনীয়তা আইন বিজ্ঞপ্তি – ফেডেরাল প্রাইভেসি অ্যাক্ট 1974 অনুযায়ী, যদি আমরা আপনাকে আপনার সোশাল সিকিউরিটি নম্বর আমাদের দিতে বলি, আমাদের আপনাকে জানাতে হবে আপনি আমাদের সোশাল সিকিউরিটি নম্বর প্রদান করতে বাধ্য কিনা, আপনাদের এই তথ্য জানার আইনি অধিকার আমাদের আছে কিনা এবং আমরা এটি কীভাবে ব্যবহার করব। আপনাকে আপনার করদাতা সনাক্তকরণ নম্বর (SSN, ITIN অথবা EIN) লিখতে হবে বাস্তব সম্পত্তি কর থেকে অব্যাহতি পাওয়ার জন্য। আমরা এই তথ্য জানতে চাইছি যাতে আমাদের রেকর্ড সঠিক হয়, এবং আপনি সঠিক তথ্য জমা দিয়েছেন সেটি নিশ্চিত করার জন্য। অ্যাডমিনিস্ট্রেটিভ কোড এর বিভাগ 1-102.1 এ আমাদের এই তথ্য প্রয়োজনের আইনি অধিকার দেওয়া আছে। এটা ডিপার্টমেন্ট অফ ফাইনান্সকে যে কোনো ব্যক্তিকে করদাতা সনাক্তকরণ নম্বর প্রদান করতে বাধ্য করার অধিকার প্রদান করে, যাতে আমরা কর পরিচালনা ও সংগ্রহ করতে পারি।

অতরিক্তি মালকিদরে তথ্য ও সার্টফিকিশেন

নির্দেশাবলী: অনুগ্রহ করে আবেদনের বিভাগ 2-এর প্রশ্নগুলির উত্তরে, নিচে প্রত্যেক অতিরিক্ত মালিককে যুক্ত করুন। এই পৃষ্ঠাটি আপনার আবেদনের অংশ এবং তাকে অনুলিপি করে অতিরিক্ত হিসাবে যোগ করা যাবে যদি অতিরিক্ত পৃষ্ঠার প্রয়োজন হয়। যদি ছয় (6) জনের বেশি মালিক থাকেন, তাহলে অনুগ্রহ করে এই পাতাটি কপি করুন এবং প্রয়োজন অনুসারে পূরণ করুন।

মালিক #3: _____ _____

নাম পদবী

জন্মের তারিখ: ___ ■ ___ ■ _____ সোশাল সিকিউরিটি নং: ___ ■ ___ ■ _____

মাস (MM) দিন (DD) বছর (YYYY)

মালিক নং 3 কি একজন নিউ ইয়র্ক রাজ্যের বাসিন্দা? ☐ **হ্যাঁ** ☐ **না**

যদি না হয়, অনুগ্রহ করে মালিক নং 3-এর বসবাসের প্রধান ঠিকানা লিখুন: _____

ঠিকানা শহর রাজ্য জিপ কোড

অন্যান্য মালিকদের সাথে সম্পর্ক: _____

মালিক #4: _____ _____

নাম পদবী

জন্মের তারিখ: ___ ■ ___ ■ _____ সোশাল সিকিউরিটি নং: ___ ■ ___ ■ _____

মাস (MM) দিন (DD) বছর (YYYY)

মালিক নং 4 কি একজন নিউ ইয়র্ক রাজ্যের বাসিন্দা? ☐ **হ্যাঁ** ☐ **না**

যদি না হয়, অনুগ্রহ করে মালিক নং 4-এর বসবাসের প্রধান ঠিকানা লিখুন: _____

ঠিকানা শহর রাজ্য জিপ কোড

অন্যান্য মালিকদের সাথে সম্পর্ক: _____

মালিক #5: _____ _____

নাম পদবী

জন্মের তারিখ: ___ ■ ___ ■ _____ সোশাল সিকিউরিটি নং: ___ ■ ___ ■ _____

মাস (MM) দিন (DD) বছর (YYYY)

মালিক নং 5 কি একজন নিউ ইয়র্ক রাজ্যের বাসিন্দা? ☐ **হ্যাঁ** ☐ **না**

যদি না হয়, অনুগ্রহ করে মালিক নং 5-এর বসবাসের প্রধান ঠিকানা লিখুন: _____

ঠিকানা শহর রাজ্য জিপ কোড

অন্যান্য মালিকদের সাথে সম্পর্ক: _____

মালিক #6: _____ _____

নাম পদবী

জন্মের তারিখ: ___ ■ ___ ■ _____ সোশাল সিকিউরিটি নং: ___ ■ ___ ■ _____

মাস (MM) দিন (DD) বছর (YYYY)

মালিক নং 6 কি একজন নিউ ইয়র্ক রাজ্যের বাসিন্দা? ☐ **হ্যাঁ** ☐ **না**

যদি না হয়, অনুগ্রহ করে মালিক নং 6-এর বসবাসের প্রধান ঠিকানা লিখুন: _____

ঠিকানা শহর রাজ্য জিপ কোড

অন্যান্য মালিকদের সাথে সম্পর্ক: _____

আমি প্রত্যায়ন করছি যে এই আবেদনের সমস্ত বিবৃতি আমার জ্ঞানতঃ সত্য ও সঠিক, এবং আমি কোনো বাস্তব তথ্যের ইচ্ছাকৃত মিথ্যা বিবৃতি দিই নি। আমি জানি যে এই তথ্য অডিট করা হয়, এবং ফাইনান্স যদি নির্ধারণ করে যে আমি মিথ্যা বিবৃতি দিয়েছি, তাহলে আমাকে ভবিষ্যতের অব্যাহতি থেকে অযোগ্য ঘোষণা করা হবে এবং সমস্ত প্রযোজ্য বকেয়া কর, সমষ্টিবদ্ধ সুদ, এবং আইন দ্বারা অনুমোদিত সর্বোচ্চ জরিমানার জন্য আমি দায়ী থাকব।

অতিরিক্ত সম্পত্তির তথ্য ও সার্টিফিকেশন

নির্দেশাবলী: অনুগ্রহ করে আবেদনের বিভাগ 3-এর প্রশ্নগুলির উত্তরে, নিচে প্রতিটি অতিরিক্ত সম্পত্তিকে যুক্ত করুন। এই পৃষ্ঠাটি আপনার আবেদনের অংশ এবং তাকে অনুলিপি করে অতিরিক্ত হিসাবে য়োগ করা যাবে যদি অতিরিক্ত পৃষ্ঠার প্রয়োজন হয়।

অতিরিক্ত সম্পত্তি #1:

অন্তর্ভুক্তির কারণ: ☐ রাজ্যের ভিতরের সম্পত্তি: বর্তমানে নিউ ইয়র্ক স্টেট/নিউ ইয়র্ক সিটিতে ছাড় পাচ্ছে

☐ রাজ্যের ভিতরের সম্পত্তি: গত 12 মাসের ভিতরে বিক্রি করা হয়েছিল এবং নিউ ইয়র্ক স্টেট/নিউ ইয়র্ক সিটিতে ছাড় পেয়েছিল

বিক্রির তারিখ: ☐ ■ ☐ ■ ☐
মাস (MM) দিন (DD) বছর (YYYY)

☐ রাজ্যের বাইরের সম্পত্তি: বর্তমানে নিউ ইয়র্ক রাজ্যের বাইরে ছাড় পাচ্ছে

_____ _____ _____
মালিকের নাম ঠিকানা শহর, রাজ্য এবং জিপ কোড

যদি সম্পত্তি নিউ ইয়র্ক সিটিতে হয়, তবে অনুগ্রহ করে তার বোরো, ব্লক এবং লট অন্তর্ভুক্ত করতে ভুলবেন না। _____ _____ _____
বোরো ব্লক লট

প্রাপ্ত বেনিফিট: _____

প্রাপ্ত ছাড়: ☐ বেসিক STAR ☐ এনহ্যান্সড STAR ☐ প্রবীন ☐ প্রতিবন্ধী ☐ প্রাক্তন সৈনিক

☐ অন্যান্য। _____

মন্তব্য: _____

অতিরিক্ত সম্পত্তি #2:

অন্তর্ভুক্তির কারণ: ☐ রাজ্যের ভিতরের সম্পত্তি: বর্তমানে নিউ ইয়র্ক স্টেট/নিউ ইয়র্ক সিটিতে ছাড় পাচ্ছে

☐ রাজ্যের ভিতরের সম্পত্তি: গত 12 মাসের ভিতরে বিক্রি করা হয়েছিল এবং নিউ ইয়র্ক স্টেট/নিউ ইয়র্ক সিটিতে ছাড় পেয়েছিল

বিক্রির তারিখ: ☐ ■ ☐ ■ ☐
মাস (MM) দিন (DD) বছর (YYYY)

☐ রাজ্যের বাইরের সম্পত্তি: বর্তমানে নিউ ইয়র্ক রাজ্যের বাইরে ছাড় পাচ্ছে

_____ _____ _____
মালিকের নাম ঠিকানা শহর, রাজ্য এবং জিপ কোড

যদি সম্পত্তি নিউ ইয়র্ক সিটিতে হয়, তবে অনুগ্রহ করে তার বোরো, ব্লক এবং লট অন্তর্ভুক্ত করতে ভুলবেন না। _____ _____ _____
বোরো ব্লক লট

প্রাপ্ত বেনিফিট: _____

প্রাপ্ত ছাড়: ☐ বেসিক STAR ☐ এনহ্যান্সড STAR ☐ প্রবীন ☐ প্রতিবন্ধী ☐ প্রাক্তন সৈনিক

☐ অন্যান্য। _____

মন্তব্য: _____

অতিরিক্ত সম্পত্তি #3:

অন্তর্ভুক্তির কারণ: ☐ রাজ্যের ভিতরের সম্পত্তি: বর্তমানে নিউ ইয়র্ক স্টেট/নিউ ইয়র্ক সিটিতে ছাড় পাচ্ছে

☐ রাজ্যের ভিতরের সম্পত্তি: গত 12 মাসের ভিতরে বিক্রি করা হয়েছিল এবং নিউ ইয়র্ক স্টেট/নিউ ইয়র্ক সিটিতে ছাড় পেয়েছিল

বিক্রির তারিখ: ☐ ■ ☐ ■ ☐
মাস (MM) দিন (DD) বছর (YYYY)

☐ রাজ্যের বাইরের সম্পত্তি: বর্তমানে নিউ ইয়র্ক রাজ্যের বাইরে ছাড় পাচ্ছে

_____ _____ _____
মালিকের নাম ঠিকানা শহর, রাজ্য এবং জিপ কোড

যদি সম্পত্তি নিউ ইয়র্ক সিটিতে হয়, তবে অনুগ্রহ করে তার বোরো, ব্লক এবং লট অন্তর্ভুক্ত করতে ভুলবেন না। _____ _____ _____
বোরো ব্লক লট

প্রাপ্ত বেনিফিট: _____

প্রাপ্ত ছাড়: ☐ বেসিক STAR ☐ এনহ্যান্সড STAR ☐ প্রবীন ☐ প্রতিবন্ধী ☐ প্রাক্তন সৈনিক

☐ অন্যান্য। _____

মন্তব্য: _____

আমি প্রত্যায়ন করছি যে এই আবেদনের সমস্ত বিবৃতি আমার জ্ঞানত সত্য ও সঠিক, এবং আমি কোনো বাস্তব তথ্যের ইচ্ছাকৃত মিথ্যা বিবৃতি দিই নি। আমি জানি যে এই তথ্য অডিট করা হয়, এবং ফাইনান্স যদি নির্ধারণ করে যে আমি মিথ্যা বিবৃতি দিয়েছি, তাহলে আমাকে ভবিষ্যতের অব্যাহতি থেকে অযোগ্য ঘোষণা করা হবে এবং সমস্ত প্রযোজ্য বকেয়া কর, সমষ্টিবদ্ধ সুদ, এবং আইন দ্বারা অনুমোদিত সর্বোচ্চ জরিমানার জন্য আমি দায়ী থাকব।